গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪২.১৬-৪০৪

তারিখ: ২০ শ্রাবণ, ১৪২৩
০৪ আগস্ট, ২০১৬

বিষয় : **বিভাগীয় কমিশনারগণের সাথে আইন-শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৫(অংশ-১)-৪৭৮, তারিখ : ২৪ জুলাই, ২০১৬।

সূত্রোস্থ স্মারকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে বর্ণিত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রমের বিষয়ে এ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-০৩ (তিন) পাতা।

(মোঃ আখতারউজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ই-মেইল: sas_s4@moedu.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ১-২, কারিগরি, মাদ্‌রাসা, কলেজ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

০১. উপসচিব (রাজনৈতিক অধিশাখা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. যুগ্মসচিব (প্রশাসন)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬- ৪৩৬    তারিখ ঃ ২১ আগষ্ট, ২০১৬খ্রিঃ।

বিষয় ঃ বিভাগীয় কমিশনারগণের সাথে আইন-শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪২.১৬-৪০৪, তারিখ ঃ ০৪ আগস্ট, ২০১৬খ্রিঃ মোতাবেক প্রদত্ত পত্রখানা সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হ'ল।

১-৪ । পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫-৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯-৫৯ । অধ্যক্ষ, ---সকল---পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট ,ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬০ । জনাব মোঃ আখতারউজ-জামান, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬১-১২৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ---সকল--- ।
১২৫ । সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১২৬ । পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২৭ । নথি।

২১/৮/১৬

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২১/৮/১৬

E:\Nandi All File\ALL DTE\MINISTRY-2016\Andous\Andous.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-২

## বিভাগীয় কমিশনারগণের সাথে আইন-শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ মোজাম্মেল হক খান<br>সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ২৯ জুন ২০১৬, বেলা ১২:১০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | ঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বিগত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব জনাব মোস্তফা কামাল উদ্দীন ধারাবাহিকভাবে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি এবং কার্যপত্রে উল্লিখিত বিষয়সমূহ উপস্থাপন করেন।

০২। বিভাগীয় কমিশনারগণ সম্প্রতি অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে স্ব স্ব বিভাগের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সভাকে অবহিত করেন। বিভাগীয় কমিশনারগণ বলেন, তারা জেলা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহে মাদকদ্রব্যের অপব্যবহার রোধে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে দিক নির্দেশনা দিচ্ছেন। তারা মানব পাচার, মাদকদ্রব্য ও জঙ্গিবাদের কুফলের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ বিভাগীয় ও জেলা পর্যায়ে বিদ্যামান সড়ক নিরাপত্তা কমিটিকে সড়ক ও মহাসড়কের অবৈধ স্থাপনা, হাটবাজার ইত্যাদি চিহ্নিত করে জেলাওয়ারী তালিকা প্রণয়ন করা এবং সে অনুযায়ী উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | সম্প্রতি অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে যে সহিংস ঘটনা ঘটেছে তা মোটেও কাম্য ছিল না। এবারের নির্বাচনের অভিজ্ঞতা ভবিষ্যতে কাজে লাগাতে হবে। তাছাড়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে যেসব দূর্বলতা, সীমাবদ্ধতা ও অসঙ্গতি পরিলক্ষিত হয়েছে তার আলোকে ভবিষ্যৎ কর্মপন্থা/করণীয় নির্ধারণের লক্ষ্যে বিভাগীয় কমিশনারগণ এ মন্ত্রণালয়ে একটি করে প্রতিবেদন প্রেরণ করবেন। উক্ত প্রতিবেদনের আলোকে নির্বাচন কমিশন সচিবালয়কে বিস্তারিতভাবে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বিভাগীয় কমিশনার (সকল) |
| ২. | (ক) মাদকের চাহিদার উৎসমুখসমূহকে বন্ধ করার লক্ষ্যে স্কুল ও কলেজ ক্যাম্পাসে নিয়মিত ব্যাপক মাদকবিরোধী সচেতনতামূলক কর্মসূচি অব্যাহত রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়/বিভাগীয় কমিশনার (সকল)/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল) |
| | (খ) মাদকদ্রব্যের অপব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি ও জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে গ্রহণযোগ্য আকর্ষণীয় সেলিব্রিটিদের নিয়ে সভা-সমাবেশ করা এবং নতুন নতুন ডকুমেন্টারী/প্রামাণ্যচিত্র তৈরী করে তা তৃণমূল পর্যায়ে উন্মুক্ত স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রদর্শিত ডকুমেন্টারী/প্রামাণ্যচিত্র এর ১টি করে সফ্টকপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| | (গ) মাদকের বিরুদ্ধে সমন্বিত অভিযান জোরদার করার লক্ষ্যে নিয়মিত ও আকস্মিকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং সরবরাহকৃত ছক অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | (ঘ) গোয়েন্দা প্রতিবেদনে মাদকদ্রব্য ব্যবসার সাথে জড়িত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, সরকারি কর্মচারী বা সমাজের প্রভাবশালী ব্যক্তিদের নাম থাকলে তাদের বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/ডিআইজি(সকল)/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৩. | (ক) জঙ্গি তৎপরতা রোধকল্পে বিভাগীয় কমিশনারগণ জেলা প্রশাসকগণকে প্রচার-প্রচারণা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করবেন। | বিভাগীয় কমিশনার (সকল)/ জেলা প্রশাসক (সকল) |
| | (খ) সাম্প্রতিককালে জঙ্গিগোষ্ঠী কর্তৃক হত্যাকাণ্ড সম্পর্কিত চাঞ্চল্যকর মামলাগুলো মনিটরিং করতে হবে। এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি রোধে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/ জেলা প্রশাসক (সকল) |
| | (গ) জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে গ্রেফতারকৃত আসামীদের মামলাগুলো অনুসরণের উদ্দেশ্যে মামলার আসামীদের একটি পূর্ণাঙ্গ ডাটা বেইজ তৈরী করতে হবে এবং তা স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বিভাগীয় কমিশনারগণের নিকট প্রেরণ করতে হবে। | আইজি (প্রিজন) |
| ৪. | অনুমোদনবিহীন ১৫টি জেলার ৪৭ পীস স্কুলগুলোর কার্যক্রমের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় হতে মতামত পাওয়ার পর প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করা হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয় |
| ৫. | (ক) বিদেশ গমনেচ্ছুক শ্রমিকগণ যাতে হয়রানির শিকার না হয় সে কারণে বিদেশে গমনের পূর্বে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি)- ডাটা বেইজে রেজিস্ট্রেশন করার বিষয়ে প্রচারণার ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় কমিশনারগণ/জেলা প্রশাসকগণ |
| | (খ) রাজশাহী ও খুলনা বিভাগে মানবপাচার বিরোধী মাঠ পর্যায়ের স্টেক হোল্ডারদের নিয়ে কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। উভয় বিভাগে মানবপাচার বিরোধী কমিটিসমূহ সক্রিয় রয়েছে কিনা তা মনিটর করতে হবে। বিভাগীয় কমিশনারগণ সীমান্ত এলাকাসমূহে জনগণকে সচেতন করার লক্ষ্যে মানবপাচার বিরোধী সভা/সমাবেশের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। | বিভাগীয় কমিশনার (সংশ্লিষ্ট) |
| | (গ) সমুদ্রপথে জাহাজে অথবা ট্রলার বা নৌকায় করে বিদেশে শ্রমিক পাঠানোর মত অবৈধ প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনা এবং মাঠ পর্যায়ে ব্যাপক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/বাংলাদেশ নৌ-বাহিনী/কোস্ট গার্ড |
| ৬. | সারাদেশে অনিষ্পন্ন সহিংসতার মামলাগুলো পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি জেলা থেকে এ ধরনের কমপক্ষে ২টি মামলা পর্যালোচনা করে সর্বশেষ অবস্থা | বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| | প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে বিভাগীয় কমিশনারগণ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ সংক্রান্ত মামলা প্রেরণের নির্ধারিত ছক (পরিশিষ্ট-খ) প্রেরণ করা হল। 'ছক' মোতাবেক মামলার বিবরণ প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| [illegible] | সড়ক ও মহাসড়ক দুর্ঘটনামুক্ত, নিরাপদ ও যানজটমুক্ত রাখার জন্য মহামান্য হাইকোর্ট ২৫টি নির্দেশনা জারি করেছে। তন্মধ্যে বেশ কয়েকটি নির্দেশনা জেলা ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক বাস্তবায়নযোগ্য। সড়ক ও মহাসড়কের অবৈধ স্থাপনা ও হাটবাজার তালিকা তৈরী করতে হবে। অতঃপর প্রতি মাসে কতটি অবৈধ স্থাপনা/হাটবাজার উচ্ছেদ করা হলো তার তালিকা সভা অনুষ্ঠানের পূর্বেই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল)/জেলা প্রশাসক (সকল) |
| [illegible] | সার্বিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রবণতা যেন বৃদ্ধি না পায় সে বিষয়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ কার্যকর ভূমিকা রাখবেন। জেলাওয়ারী অপরাধচিত্র পূর্বের ছক মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল |

[illegible]। পরিশেষে, উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ-২৪.০৭.২০১৬
(ড. মোঃ মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়